# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-৩১/২০২৪ জে, তারিখ: ২৭.১১.২০২৪ খ্রি.

**বিষয়: বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সার্ভিস আইডি কার্ড হালনাগাদ/ পুনঃইস্যুকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিচার বিভাগীয় কর্মকর্তাগণের দীর্ঘদিনের চাহিদার প্রেক্ষিতে গত ২৩/০১/২০২৪ খ্রি. তারিখে তৎকালীন মাননীয় প্রধান বিচারপতি মহোদয় কর্তৃক বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সার্ভিস আইডি কার্ড প্রদানের নিমিত্ত গৃহীত প্রক্রিয়ার শুভ উদ্বোধন করা হয়। তদ্প্রেক্ষিতে, দেশের সকল জেলায় কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণ-কে সার্ভিস আইডি কার্ড প্রদান করা হয়েছে।

২। উল্লেখ্য, দেশে বর্তমানে বিভিন্ন পর্যায়ের প্রায় ২১০০ জন বিচার বিভাগীয় কর্মকর্তা কর্মরত রয়েছেন। উক্ত কর্মকর্তাগণের নতুন চাকরিতে যোগদান ও পদোন্নতিসহ হারিয়ে যাওয়া/ নষ্ট হওয়া বিভিন্ন কারণে সার্ভিস আইডি কার্ড ইস্যুকরণের বিষয়টি একটি চলমান প্রক্রিয়া। ফলে সংশ্লিষ্ট বিচারকগণের উক্ত কার্ড হালনাগাদ/পুনঃইস্যুকরণ সংক্রান্ত আবেদন নিষ্পত্তির বিষয়টি সারা বছর চালু না রেখে উক্ত প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত প্রতি বছর জানুয়ারি এবং জুলাই মাসে সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সার্ভিস আইডি কার্ডের ছবি ও তথ্য হালনাগাদের বিষয়সহ বিভিন্ন কারণে পুনঃইস্যুকরণ সংক্রান্ত আবেদন প্রতি বছর জানুয়ারি এবং জুলাই মাসে নিষ্পত্তি করা হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে অবগত করা হলো।

স্বাঃ/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার (বিচার)
হাইকোর্ট বিভাগ
ফোন: ০২২২৩৩৫৮৭৮০।
ই-মেইল: rcgistrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-৩৮/২০২৪-১০৬৮০ (৪৩) জে, তারিখ: ২৭.১১.২০২৪ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,---------------------------------------------------------------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------------ (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------------- (সকল)।
৬। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,--------------------- (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,-------------------------------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----------------------------------(সকল)।
১৪। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
১৫। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১৬। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপিলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১৮। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
১৯। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২০। সলিসিটর (জেলা জজ), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২২। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ............................. (সকল)।
২৩। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৪। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৬। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
২৭। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২৮। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২৯। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩০। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩১। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩২। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৩। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------------------------------------------------------------(সকল)।
৩৫। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------------(সকল)।
৩৬। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি------------------------------------ (সকল)।
৩৭। পাবলিক প্রসিকিউটর (পি,পি), ---------------------------------------------------------(সকল)।
৩৮। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪০। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল............................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪১। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪২। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৩। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৫। অফিস কপি।

S. Shahriar 27.11.19

(শোভন শাহরিয়ার)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ০২২২৩৩৫৮৫৮৩
E-mail: shovon.arjudicial@supremecourt.gov.bd